# জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

২০২১ বা ২০২২ সালে এসএসসি/সমমান ও ২০২৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করে কেবল তারাই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

আগামী ০১/১২/২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ১৫/১২/২০২৪ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (https://admission.jnu.ac.bd)-এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। আবেদনকারীকে অনলাইনে আবেদন পূরণকালীন সময়ে প্রাথমিক আবেদন ফি হিসাবে ১০০/- (একশত) টাকা প্রদান করতে হবে। প্রতি ইউনিটে আবেদনকারীদের মধ্য হতে পৃথকভাবে মেধাক্রম অনুসারে প্রাথমিক বাছাইকৃত ১ম থেকে ৪০০০০-তম পর্যন্ত আবেদনকারীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। যে সকল আবেদনকারী প্রাথমিক বাছাই-এ নির্বাচিত হবে তাদেরকে ৭০০/- (সাতশত) টাকা চূড়ান্ত আবেদন ফি হিসাবে প্রদান করে পরীক্ষায় অংশগ্রহণের Admit Card ডাউনলোড করতে হবে। আবেদন করার নিয়ম, বিস্তারিত তথ্য, আবেদন ফি, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ফি এবং জমা দেয়ার পদ্ধতি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (https://admission.jnu.ac.bd)-এ ভর্তি নির্দেশিকায় এবং https://admission.jnu.ac.bd/wiki/home.jsp এই লিংক-এ পাওয়া যাবে ।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি নিম্নরূপ:

| ইউনিট/অনুষদ | তারিখ | বার | ১ম শিফ্ট | ২য় শিফ্ট | ৩য় শিফ্ট |
|---|---|---|---|---|---|
| ইউনিট-E<br>চারুকলা অনুষদ | ৩১/০১/২০২৫ | শুক্রবার | সকাল ১০.০০টা হতে<br>সকাল ১১.৩০টা পর্যন্ত | দুপুর ২.৩০টা হতে<br>বিকাল ৪.০০টা পর্যন্ত | বিকাল ৫.০০টা হতে<br>সন্ধ্যা ৬.৩০টা পর্যন্ত |
| ইউনিট-D<br>সামাজিক বিজ্ঞান অনুষদ | ১৪/০২/২০২৫ | শুক্রবার | সকাল ৯.৩০টা হতে<br>সকাল ১০.৩০টা পর্যন্ত | দুপুর ১২.০০টা হতে<br>দুপুর ১.০০টা পর্যন্ত | বিকাল ৩.৩০টা হতে<br>বিকাল ৪.৩০টা পর্যন্ত |
| ইউনিট-B<br>কলা ও আইন অনুষদ | ১৫/০২/২০২৫ | শনিবার | সকাল ১০.০০টা হতে<br>সকাল ১১.০০টা পর্যন্ত | দুপুর ১.০০টা হতে<br>দুপুর ২.০০টা পর্যন্ত | বিকাল ৪.০০টা হতে<br>বিকাল ৫.০০টা পর্যন্ত |
| ইউনিট-A<br>বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ | ২২/০২/২০২৫ | শনিবার | সকাল ১০.০০টা হতে<br>সকাল ১১.০০টা পর্যন্ত | দুপুর ১.০০টা হতে<br>দুপুর ২.০০টা পর্যন্ত | বিকাল ৪.০০টা হতে<br>বিকাল ৫.০০টা পর্যন্ত |
| ইউনিট-C<br>বিজনেস স্টাডিজ অনুষদ | ২৮/০২/২০২৫ | শুক্রবার | সকাল ৯.৩০টা হতে<br>সকাল ১০.৩০টা পর্যন্ত | দুপুর ১২.০০টা হতে<br>দুপুর ১.০০টা পর্যন্ত | বিকাল ৩.৩০টা হতে<br>বিকাল ৪.৩০টা পর্যন্ত |

২১/১১/২০২৪

*(অধ্যাপক ড. মো: শেখ গিয়াস উদ্দিন)*
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।